

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
কাশফিয়া প্লাজা, ৩৫/সি, নয়াপল্টন, ঢাকা-১০০০।
মিউচুয়াল ফান্ডস্ ডিপার্টমেন্ট
ফোন-৮৩১৩০৫৭

বিষয় : মিউচুয়াল ফান্ডস্ ডিপার্টমেন্টের গ্রাহক সেবার কার্যক্রম সংক্রান্ত নির্দেশিকা।

আইসিবি মিউচুয়াল ফান্ডস্ ডিপার্টমেন্ট সর্বমোট ১৭.৫০ কোটি টাকার মূলধন সম্বলিত ৮টি মিউচুয়াল ফান্ডের আনুমানিক ৩০,০০০ জন গ্রাহকগণকে সেবা প্রদান করে আসছে। অত্র ডিপার্টমেন্ট কর্তৃক প্রদত্ত সেবার বিবরণী :

ক) মূল সার্টিফিকেট সংগ্রহকরণঃ

মূল সার্টিফিকেট সংগ্রহ করতে বিনিয়োগকারীগন নিজে অথবা প্রতিনিধির মাধ্যমে বরাদ্দপত্র উপস্থাপন করতে হবে।

খ) সার্টিফিকেট হস্তান্তর :

২৮.০৮.০৭ তারিখ পর্যন্ত দ্বিমাত্রিক বাজার থেকে ক্রয়কৃত সার্টিফিকেট হস্তান্তর গ্রহীতার নামে নিবন্ধন এর জন্য যথাযথ ভাবে ফরম-১১৭ পূরণ পূর্বক ক্রয়ের হাওলা সহ সার্টিফিকেট সমূহ জমা প্রদান করতে হবে। জমা প্রদানের তারিখ হতে সাধারণত ৭ দিন পরে হস্তান্তরকৃত সার্টিফিকেট সমূহ বিনিয়োগকারীকে অথবা তার প্রতিনিধির নিকট প্রদান করা হয়ে থাকে।

গ) সার্টিফিকেট ডিম্যাট(অজড়করণ)ঃ

বিনিয়োগকারীগনের কাণ্ডজে সার্টিফিকেট ডিম্যাট করার জন্য স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত সদস্য যাঁরা সিডিবিএল এর ডিপি(ডিপিজিটরী পার্টিসিপেন্ট) তাদের নিকট বিও হিসাব খুলে সার্টিফিকেটসমূহ সংশ্লিষ্ট ডিপির নিকট জমা প্রদান করবেন। এক্ষেত্রে আইসিবি মিউচুয়াল ফান্ডস্ ডিপার্টমেন্টে সংরক্ষিত রেজিস্টারের নমুনা স্বাক্ষরের সাথে DRF ফরম এ গ্রাহকের স্বাক্ষর অবশ্যই মিল থাকতে হবে।

সংশ্লিষ্ট ডিপি কর্তৃক প্রেরিত DRN নম্বরসহ সার্টিফিকেটসমূহ প্রাপ্তির তারিখ থেকে ০৭(সাত)দিনের মধ্যে ডিম্যাট করা হবে। এক্ষেত্রে বিনিয়োগকারীগন সরাসরি ডিপির সাথে যোগাযোগ রক্ষা করবেন।

ঘ) লভ্যাংশপত্র বিতরণঃ

প্রতি বছর সেপ্টেম্বর মাস থেকে শুরু করে অক্টোবর মাসের মাঝামাঝি সময় পর্যন্ত সার্টিফিকেট ধারক গনকে/প্রতিনিধিকে লভ্যাংশপত্র হাতে হাতে বিতরণ করা হয়। এক্ষেত্রে বিনিয়োগকারীকে তাদের স্ব স্ব ফলিও নম্বর সংশ্লিষ্ট কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করতে হবে।

অক্টোবর মাসের তৃতীয় সপ্তাহ হতে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অবিতরণকৃত লভ্যাংশপত্র সমূহ ধারকগনের ঠিকানায় প্রেরণ করা হয়।

ঙ) ডুপ্লিকেট লভ্যাংশপত্রঃ

হারিয়ে যাওয়া লভ্যাংশপত্র প্রাপ্তির জন্য ফোলিও নম্বর ও সার্টিফিকেট নম্বর উল্লেখপূর্বক সহকারী মহাব্যবস্থাপক, মিউচুয়াল ফান্ডস্ ডিপার্টমেন্ট বরাবর আবেদন করতে হবে। আবেদন প্রাপ্তির পর থেকে সাধারণত ১৫(পনের)দিন পর ডুপ্লিকেট লভ্যাংশপত্র আবেদনকারী/প্রতিনিধির নিকট প্রদান করা হয়।

চ) হারিয়ে যাওয়া/নষ্ট হওয়া সার্টিফিকেটের ক্ষেত্রে করণীয়ঃ

সহকারী মহাব্যবস্থাপক, মিউচুয়াল ফান্ডস্ ডিপার্টমেন্ট বরাবর নিম্নোক্ত কাগজপত্রাদিসহ আবেদন করতে হবে :

- (১) বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় সার্টিফিকেট নম্বর, ফোলিও নম্বর ও জিডি এন্ট্রি নম্বর উল্লেখ সহ হারানো বিজ্ঞপ্তি ;
- (২) সার্টিফিকেট নম্বর ও ফোলিও নম্বর উল্লেখসহ সংশ্লিষ্ট থানায় জিডি এন্ট্রির কপি;
- (৩) ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে সার্টিফিকেট নম্বর, ফোলিও নম্বর ও জিডি এন্ট্রির নম্বর অবহিত করণ;
- (৪) ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার নামা জমা প্রদান ।

ছ) মৃত্যুজনিত ক্ষেত্রে করণীয়ঃ

সহকারী মহাব্যবস্থাপক, মিউচুয়াল ফান্ডস্ ডিপার্টমেন্ট, আইসিবি, বরাবর সার্টিফিকেট নম্বর উল্লেখপূর্বক আবেদন পত্র (সকল উত্তরাধিকারী কর্তৃক স্বাক্ষরিত অথবা উত্তরাধিকারীগণ কর্তৃক নোটারী পাবলিক এর মাধ্যম উত্তরাধিকারীগণের মধ্যে ১ (এক) জনকে আবেদন করার ক্ষমতা অর্পনের মাধ্যমে আবেদন);

১০০টি সার্টিফিকেটের নিচে হলেঃ

- (১) আবেদন পত্রের সাথে মূল সার্টিফিকেট সংযুক্ত করতে হবে ;
- (২) ফরম ১১৭ হস্তান্তর দলিল (আবেদনকারী/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত) ;
- (৩) মৃত্যু সনদপত্র ১ (এক)টি ;
- (৪) ওয়ার্ড কমিশনার /চেয়ারম্যান কর্তৃক উত্তরাধিকারী সনদ পত্র ১ (এক)টি ;
- (৫) ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সার্টিফিকেট নম্বর উল্লেখপূর্বক সকল উত্তরাধিকারী কর্তৃক একজনকে ক্ষমতা প্রদান/অঙ্গীকার নামা ১ (এক)টি ;
- (৬) উত্তরাধিকারীগণের সত্যায়িত ছবি এবং উক্ত ছবির পেছনে উক্ত উত্তরাধিকারীর নাম ও স্বাক্ষরযুক্ত সত্যায়িত ছবি ।

১০০টি সার্টিফিকেটের উর্দে হলেঃ

- (১) আবেদন পত্রের সাথে মূল সার্টিফিকেট সংযুক্ত করতে হবে ;
- (২) ফরম-১১৭/হস্তান্তর দলিল (আবেদনকারী/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত) ;
- (৩) মৃত্যু সনদপত্র ১ (এক)টি ;
- (৫) কোর্ট কর্তৃক দেয় সাকসেশন সার্টিফিকেট;
- (৬) ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সার্টিফিকেট নম্বর উল্লেখপূর্বক সকল উত্তরাধিকারী কর্তৃক একজনকে ক্ষমতা প্রদান/অঙ্গীকারনামা-১ (এক)টি ;
- (৭) উত্তরাধিকারীগণের নাম ও স্বাক্ষর সম্বলিত সত্যায়িত ছবি ;

ডিপার্টমেন্টের গ্রাহক সেবা সংশ্লিষ্ট সকল বিষয়ে সহকারী মহাব্যবস্থাপক এর সাথে যোগাযোগ করবেন।

যোগাযোগের ঠিকানা :- সহকারী-মহাব্যবস্থাপক,
মিউচুয়াল ফান্ডস্ ডিপার্টমেন্ট
৩৫/সি, কাশফিয়া প্লাজা, নয়াপল্টন, ঢাকা।
ফোন : ৮৩১৩০৫৭।

যোগাযোগের ঠিকানা :- উপ-মহাব্যবস্থাপক,
ফান্ডস্ ডিভিশন
৩৫/সি, কাশফিয়া প্লাজা, নয়াপল্টন, ঢাকা।
ফোন : ৮৩১১৩৮৮।